# মস্তিষ্কে সফল অস্ত্রোপচার, আইসিইউতে মির্জা আব্বাস



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

গুরুতর অসুস্থ বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস-এর মস্তিষ্কে শুক্রবার (১৩ মার্চ) বিকেলে সফল অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে। রাজধানীর এভারকেয়ার হাসপাতাল-এ অপারেশন শেষে তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ)তে রাখা হয়েছে।

জুমার নামাজের পর প্রধানমন্ত্রী তারেক রহমান হাসপাতালে গিয়ে তার শারীরিক অবস্থার খোঁজ নেন। তিনি কিছু সময় শয্যাপাশে অবস্থান করেন এবং পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। দ্রুত ও প্রয়োজনীয় চিকিৎসা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের দিকনির্দেশনাও দেন তিনি।

হাসপাতাল সূত্র জানিয়েছে, অস্ত্রোপচারের পর চিকিৎসকদের তত্ত্বাবধানে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে মির্জা আব্বাসকে। শারীরিক অবস্থার উন্নতি হলে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেওয়ার পরিকল্পনা রয়েছে। মেডিকেল বোর্ডের অনুমোদন পেলে সিঙ্গাপুরে নেওয়ার প্রস্তুতি শুরু করবে পরিবার।

এ বিষয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-র স্বাস্থ্যবিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম সাংবাদিকদের বলেন, বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ড সার্বিক অবস্থা পর্যালোচনা করে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেয়। শুক্রবার সকালে সিটিস্ক্যানের রিপোর্টে অবস্থার অবনতি ধরা পড়লে ভার্চুয়াল বোর্ড বৈঠক করে দ্রুত অপারেশনের সিদ্ধান্ত দেয়। পরিবারের সম্মতিও নেওয়া হয়।

উল্লেখ্য, গত ১১ মার্চ ইফতারের সময় অসুস্থ হয়ে জ্ঞান হারালে মির্জা আব্বাসকে হাসপাতালে ভর্তি করা হয়। তার দ্রুত সুস্থতার জন্য সবার কাছে দোয়া চেয়েছে পরিবার।